



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি (শোকবার্তা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের মেধাবী শিক্ষার্থী মোছাঃ আজমুদা আক্তার রিমু'র মৃত্যুতে উপাচার্যের শোক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৯ জুন ২০২৪।

সড়ক দুর্ঘটনায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী মোছাঃ আজমুদা আক্তার রিমু'র মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম। গতকাল শনিবার (৮ জুন) রংপুরের পাগলাপীর এলাকায় সড়ক দুর্ঘটনার শিকার হয়ে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন তিনি। (ইন্নালিল্লাহি-----রাজিউন)।

উপাচার্য আজ এক শোকবার্তায় বলেন, আজমুদা আক্তার রিমু'র মৃত্যুতে তার পরিবারের অপূরণীয় ক্ষতি হয়েছে। এই মেধাবী শিক্ষার্থীর অকাল মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত ও ব্যাধিত। উপাচার্য তাঁর শোকবার্তায় প্রয়াত আজমুদা আক্তারের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করেন এবং শোকস্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। উপাচার্য দুর্ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

১৫/২১১২

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)